

2 0 1 9

BENGALI

( Major )

Paper : 6·4

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

(ক) 'লিগিরি' শব্দের অর্থ কী ?

(খ) বুঢ়াগোহাঁইয়ের কন্যার নাম কী ?

(গ) সুন্দর কোঁয়রের বয়স কত ?

(ঘ) শ্যাম গোছাইত জাতে কী ?

(ঙ) শেখ কেরামত আলিকে সকলে কী নামে ডাকে ?

(চ) গোবিন্দপুর গ্রামের অধিষ্ঠাত্রী দেবী ঠাকুরাণীর নাম কী ?

(ছ) মা-ঠাকরুনকে তুলসিমঞ্চের কাছে মৃত অবস্থায় প্রথম কে  
দেখেছিল ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) সুন্দর কোঁয়র তাঁর রাজ্য থেকে কোন দুজনকে নির্বাসন দিয়েছিলেন ?
- (খ) “নিজর বিয়া করোয়া তিরোতাক আনর হাতত গতাই দিলি!” বক্তা কে? কে নিজের বিবাহিত স্ত্রীকে অন্যের হাতে তুলে দিয়েছেন ?
- (গ) “হাঁড়ির মাপেই সরা হয়।” এই ‘হাঁড়ি-সরা’ কে কে ?
- (ঘ) “অতি হীন আঁধার রাতি  
অতি হীন নাপিত জাতি।”  
‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসে কে, কাকে ‘নাপিত’ বলেছে ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন তিনটি) : ৫×৩=১৫

- (ক) ‘কারেঙর লিগিরি’ নাটকে সুন্দর কোঁয়রের শয়নকক্ষের একটি বিবরণ দাও।
- (খ) নাগা পর্বতে অনন্দরাম ও নাগা যুবকের কথোপকথন অংশটির বর্ণনা করো।
- (গ) ‘কারেঙর লিগিরি’ নাটকের রাজমাতা চরিত্রটির পরিচয় দাও।
- (ঘ) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসের ‘মন্ত্রণা’ অংশ অবলম্বনে মঙ্গরাজ ও চম্পার কথোপকথনের বিষয়বস্তু কী ছিল, লেখো।
- (ঙ) গোবরা জেনা চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

৪। (ক) ‘কারেঙর লিগিরি’ নাটকের নামকরণ সার্থক হয়েছে কি না, বিশ্লেষণ করো। ১০

অথবা

(খ) ‘কারেঙর লিগিরি’ নাটকের সুদর্শন চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

(গ) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসে নিচুতলার মানুষের যে বাস্তব জীবনচিত্র অঙ্কিত হয়েছে তা বিশ্লেষণ করো। ১০

অথবা

(ঘ) “ ‘ছ মাণ আঠ গুঠ’ পুস্তকটি কথ্য ভাষায় লিখিত হালকা হাস্যরসের ধারায় জীবন ও সমাজের প্রতি সবল ব্যঙ্গোক্তিমিশ্রিত কণাঘাতের নিদর্শন।” কয়েকটি উদাহরণ দিয়ে এই হাস্যরস ও ব্যঙ্গোক্তির পরিচয় দাও। ১০

(ঙ) ‘কারেঙর লিগিরি’ নাটকে জ্যোতিপ্রসাদ আগরওয়ালার কীভাবে পরম্পরাগত সামাজিক মূল্যবোধের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেছিলেন তা নাটকের প্রাসঙ্গিক দৃশ্যাবলি অবলম্বনে বুঝিয়ে দাও। ১০

অথবা

(চ) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসের মঙ্গরাজ চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

\*\*\*